



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং ১০(২২৫)জাতীগবিঃ/অ্যাকাঃ/২০১৮/ ২২৯২

তারিখঃ ১৭/০৯/২০১৯

বিজ্ঞপ্তি

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা এখনো দ্বৈত ভর্তি রয়েছে, তাদের পূর্বের ভর্তি বাতিল সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৭-২০১৮/২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের বিভিন্ন কোর্সে এখনও ভর্তি রয়েছে সে সকল দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা ইতোপূর্বে (স্মারক নং ১০(২২৫)জাতীগবিঃ/অ্যাকাঃ/২০১৮/২২৬২ ,তারিখঃ ২১/০৭/২০১৯) প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকা অনুযায়ী তাদেরকে শেষবারের মত আগামি ২৫/০৯/২০১৯ তারিখের মধ্যে পূর্বের ভর্তি বাতিলের সুযোগ দেয়া হলো। তালিকায় প্রকাশিত দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী উক্ত তারিখের মধ্যে ২০১৭-২০১৮/২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করবে না, তাদের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সের ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

স্বাক্ষরিত-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়।

স্মারক নং ১০(২২৫)জাতীগবিঃ/অ্যাকাঃ/২০১৮/ ২২৯২

তারিখঃ ১৭/০৯/২০১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ২। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ৩। অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল কলেজ।
- ৪। সচিব, ভাইস- চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- ৮। অফিস কপি।

(মোহাম্মদ হোসেন)

উপ-রেজিস্ট্রার (স্নাতক পাস)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়।